



Bangladesh Nari Progati Sangha

কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

সকল পদেই নারীপ্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে

প্রথম আলো পত্রিকায় (২৩ জুলাই ২০১০) প্রকাশিত বিজ্ঞপ্তির পূর্ণ বিবরণ

নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়নের লক্ষ্যে কর্মরত উন্নয়ন প্রতিষ্ঠান বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস)-এ সৃষ্ট শূন্য পদসমূহে নিয়োগের জন্য জরুরিভিত্তিতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগঝুঁকি প্রশমনের লক্ষ্যে অক্সফাম বাংলাদেশের সহযোগিতায় গৃহীত Resilience through Economic Empowerment and Climate Adaptation, Learning and Leadership— REE-CALL প্রকল্পের আওতায় নেত্রকোনা জেলাভুক্ত হাওর অঞ্চলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য শূন্য পদসমূহ :

- প্রজেক্ট কোঅর্ডিনেটর (১ জন) :** যেকোনো বিষয়ে স্নাতকোত্তর। প্রার্থীর অধিকারভিত্তিক উন্নয়ন ধারণা, গণমানুষের অর্থনৈতিক ক্ষমতায়ন ও অ্যাডভোকেসি কর্মকাণ্ড সম্পর্কে তাত্ত্বিক জ্ঞান এবং উন্নয়ন প্রতিষ্ঠানে জীবন-জীবিকা, দুর্যোগজনিত ঝুঁকি ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলা সম্পর্কিত কার্যক্রমে কাজ করবার ন্যূনতম ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ইংরেজিতে প্রতিবেদন প্রণয়ন ও যোগাযোগের দক্ষতা কাজিষ্কৃত। কম্পিউটার ব্যবহারে (বাংলা ও ইংরেজি; এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট; এবং ই-মেইল ও ওয়েবসাইট ব্রাউজিং) দক্ষতা থাকা আবশ্যিক। নির্বাচিত প্রার্থীকে প্রকল্পভুক্ত কর্মীদের তদারকি এবং পরিকল্পনা ও বাজেট অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে নেতৃত্ব দিতে হবে। প্রার্থীকে অবশ্যই মোটরসাইকেল চালনায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। মাসিক বেতন সর্বসাকুল্যে সর্বোচ্চ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা। বয়সসীমা ৩০-৪০ বছর।
- অ্যাকাউন্ট্যান্ট কাম লর্জিস্টিশিয়ান (১ জন) :** হিসাববিজ্ঞানে স্নাতকোত্তর। প্রার্থীর কর্মপরিকল্পনা অনুযায়ী বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা এবং ইংরেজিতে প্রতিবেদন তৈরিতে দক্ষ ও বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠানে উল্লিখিত পদে কাজ করবার ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে (বাংলা ও ইংরেজি; এমএস ওয়ার্ড, এক্সেল; এবং ই-মেইল ও ওয়েবসাইট ব্রাউজিং) পারদর্শিতা আবশ্যিক। মাসিক বেতন সর্বসাকুল্যে সর্বোচ্চ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা। বয়সসীমা ২৫-৩৫ বছর।
- ফিল্ড ফ্যাসিলিটের (৩ জন) :** স্নাতক। প্রার্থীকে ৭৫ শতাংশ সময় মাঠ পর্যায়ে অবস্থান করে প্রত্যন্ত অঞ্চলের হতদরিদ্র নারী-পুরুষদের সাথে কাজ করবার মানসিকতাসম্পন্ন হতে হবে এবং বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠানে সমপদে কমিউনিটি পর্যায়ে কাজ করবার ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সমাজভিত্তিক সংগঠন (সিবিও) পরিচালনায় প্রার্থীর পূর্ব অভিজ্ঞতা থাকা আবশ্যিক। নির্বাচিত প্রার্থীকে প্রকল্প কাজে বাধ্যতামূলকভাবে বাইসাইকেল ব্যবহার করতে হবে। মাসিক বেতন সর্বসাকুল্যে সর্বোচ্চ ১৩,০০০/- (তের হাজার)। বয়সসীমা ২৫-৩৫ বছর।
- সার্ভিস স্টাফ (১ জন) :** এসএসসি উত্তীর্ণ। সংশ্লিষ্ট পদে কাজের ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। মাসিক বেতন সর্বসাকুল্যে সর্বোচ্চ ৪,০০০/- (চার হাজার পাঁচশত) টাকা। বয়সসীমা ২০-২৫ বছর।

বিএনপিএস-এর মূল কার্যক্রমে শূন্য পদসমূহ :

- ইন্টার্নাল অডিটর (১ জন) :** সিএসসি সার্টিফিকেট কোর্সসহ হিসাববিজ্ঞানে স্নাতকোত্তর। ইন্টার্নাল অডিটর হিসেবে এনজিও বা মাইক্রো ফাইন্যান্স প্রতিষ্ঠানে কাজ করার ৫ বছরের অভিজ্ঞতা। বিভিন্ন কেন্দ্র অফিসে নিয়মিত ভ্রমণ করতে হবে। মাসিক বেতন ২২,০০০-২৫,০০০ (বিশ-পঁচিশ হাজার) টাকা ও অন্যান্য সুবিধাদি। বয়সসীমা ২৫-৩৫ বছর।
- ডেভেলপমেন্ট অফিসার—** প্রোগ্রাম অ্যান্ড ক্যাপাসিটি বিল্ডিং (২ জন) : সমাজবিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর। মাঠপর্যায়ে নারী অধিকার বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনায় কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কর্মী ও সাংগঠনিক ব্যবস্থাপনা এবং কর্মপরিকল্পনা ও প্রতিবেদন তৈরিতে দক্ষ হওয়া আবশ্যিক। বেতন : ১২,০০০-১৫,০০০/- বারো-পনেরো হাজার) টাকা ও অন্যান্য সুবিধাদি। কর্মস্থল নেত্রকোনা ও বারহাটা। বয়সসীমা ২৫-৩৫ বছর।

প্রার্থীকে পূর্ণাঙ্গ বায়োডাটা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের সনদ এবং পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ আগামী ৫ আগস্ট ২০১০-এর মধ্যে নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস), কল্লনা সুন্দর, ১৩/১৪ বাবর রোড, ব্লক বি, মোহাম্মদপুর হাউজিং এস্টেট, ঢাকা ১২০৭— এই ঠিকানায় আবেদন করতে বলা হচ্ছে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। কেবল বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে।